বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার লেটার নং-৩১

তারিখঃ ২৬ ভাদ্র ১৪২৭
১০ সেপ্টেম্বর ২০২০

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

**বিষয় ঃ বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়গণ,

শিরোনামোক্ত বিষয়ে ১১ মার্চ, ২০২০ তারিখে জারিকৃত এফই সার্কুলার পত্র নং-০৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার পত্রের মাধ্যমে বাংলাদেশী মালিকানাধীন শিপিংলাইন্স/এয়ারলাইন্স কোম্পানির বিদেশস্থ অফিসে (বাংলাদেশ সরকার বা সরকারের মালিকানাধীন প্রতিষ্ঠান ব্যতীত) ও বিদেশি শিপিং লাইন্স/এয়ার লাইন্সে কর্মরত বাংলাদেশি মেরিনার/এয়ার ক্রাফট পাইলটগণ এবং বিশ্বের বিভিন্ন দেশে-জাতিসংঘ বা অন্যান্য সংস্থা/ প্রতিষ্ঠান এবং বিদেশি মিশনে (বাংলাদেশ সরকার বা সরকারের মালিকানাধীন প্রতিষ্ঠান ব্যতীত) কর্মরত বাংলাদেশি কর্মকর্তাগণ বিদেশে অবস্থানকালীন সময়ে অর্জিত অর্থ বৈধ উপায়ে দেশে প্রেরণ করলে উক্ত অর্থের উপর নগদ সহায়তা প্রাপ্যতার বিষয়টি নিশ্চিত করে অবিলম্বে তা কার্যকর করার নির্দেশ প্রদান করা হয়েছিল।

০৩। তবে সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, উক্ত সার্কুলার পত্রে বর্ণিত অবিলম্বে কার্যকর বলতে কোন কোন ব্যাংক ১লা জুলাই, ২০১৯ এবং কোন কোন ব্যাংক সার্কুলারের তারিখ হতে রেমিট্যান্স বিবেচনা করে গ্রাহককে ২(দুই) শতাংশ নগদ সহায়তা প্রদান করছে। এতে করে গ্রাহকদের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে বিধায় এফই সার্কুলার পত্র নং-০৮ তারিখঃ ১১/০৩/২০২০ এ “৩” নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা নিম্নোক্তভাবে স্পষ্ট করা হলো।

**“এ নির্দেশনা ১লা জুলাই, ২০১৯ হতে কার্যকর হবে এবং অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।”**

০৪। এ প্রসঙ্গে অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মাদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১২৩